

২৬ থেকে ২৮ নভেম্বর এইচএসসির ফল

নিজস্ব প্রতিবেদক



চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হতে পারে আগামী ২৬ থেকে ২৮ নভেম্বরের মধ্যে। বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ফল প্রকাশের এই সম্ভাব্য সময়সীমা নির্ধারণ করেছে। গতকাল মঙ্গলবার বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, ফলাফল প্রকাশের লক্ষ্যে আমাদের সব ধরনের প্রস্তুতি চলছে।

এরই মধ্যে ফল প্রকাশের সম্ভাব্য তিন দিন নির্ধারণ করে
মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।